# বিষয়ঃ ইতঃপূর্বে বাস্তবায়িত_উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ০১ | কেবি ইজি সার্কুলার | ব্যাংক কর্তৃক বিভিন্ন সময় নানাবিধ পরিপত্র/ সার্কুলার লেটার/ নির্দেশনা পত্র/ নিয়মাবলী জারী করা হয়; এ সব নির্দেশনা/সার্কুলার যথাযথভাবে সংরক্ষণ করা/ মনে রাখা সম্ভব নয় এবং প্রয়োজনের সময় সার্কুলার সংগ্রহ করা কষ্টকর হয়ে ওঠে। এ সমস্যা দূরীকরণে জারীকৃত সার্কুলার Online Platform- এ সংরক্ষণ করা হয় যা এ সংক্রান্ত ব্যবস্থাপনা সহজ করছে ও ইন্টারনেট কানেকশন যুক্ত কম্পিউটার/ ল্যাপটপ/ মোবাইল ফোন ব্যবহার করে এসব সার্কুলার সহজেই access করা সম্ভব। এর ফলে কাগজের ব্যবহারও কমানো সম্ভব হয়েছে। | কার্যকর আছে। | হ্যা | http://services.Karrmasangsthanbank.gov.bd/ | ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণ পাসওয়ার্ড ব্যবহার করে প্রবেশ করে থাকে |
| ০২ | অনলাইন কর্মী ব্যবস্থাপনা | কোন কর্মকর্তা/কর্মচারী ব্যাংকে যখন প্রথম যোগদান করেন, তখন তার নামের বিপরীতে একটি সাধারণ ভবিষ্য তহবিল নম্বর প্রদান করা হয় এবং তাঁর চাকুরি জীবনের সমস্ত তথ্য নির্দিষ্ট একটি ফাইলে সংরক্ষিত হয়। অনলাইন সফটওয়্যারের সাহায্যে এ সকল তথ্য ব্যবস্থাপনা করা হচ্ছে ফলে কাগজ সাশ্রয় হচ্ছে ও ব্যাংকের শুরু থেকে এ পর্যন্ত সকল কর্মকর্তা/কর্মচারীর তথ্য খুব সহজেই ব্যবস্থাপনা করা যাচ্ছে। এসব তথ্য সফটওয়্যারে এন্ট্রির জন্য আলাদা লোকবল দরকার হয়। কিন্তু নিজের তথ্য | কার্যকর আছে | হ্যা | https://172.16.10.104/forms/frmservlet?config=kberp | নিরাপত্তার জন্য VPN ব্যবহার করা হয়। ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণ পাসওয়ার্ড |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| | | নিজে এন্ট্রি দেয়ার ফলে আলাদা জনবল দরকার হচ্ছে না, আবার একই সাথে নির্ভুল ভাবে তথ্য এন্ট্রি দেয়া সম্ভব হচ্ছে। | | | | ব্যবহার করে প্রবেশ করে থাকে |
| ০৩ | এসএমএস এর মাধ্যমে ঋণের কিস্তির তাগিদ প্রদান ও ঋণ না মঞ্জুরীর তথ্য প্রেরণ | বর্তমান পদ্ধতিতে ঋণগ্রহীতাকে ঋণ বিতরণের সময় এবং ঋণ মঞ্জুরীপত্রের মাধ্যমে ঋণের কিস্তি পরিশোধের তারিখ অবহিত করা হয়। অনেক সময় গ্রাহকের নির্দিষ্ট তারিখের মধ্যে কিস্তি পরিশোধের কথা স্মরণ থাকে না, ফলশ্রুতিতে তিনি ঋণখেলাপী হয়ে যান। বর্ণিত সমস্যাসমূহ দূরীকরণে সকল গ্রাহককে তাঁদের ঋণের কিস্তি পরিশোধের তারিখ সম্পর্কে অবহিতকরণের জন্য ০৫-০৬ দিন আগে একটি এসএমএস প্রদান করা হয় যা গ্রাহককে আগে থেকেই কিস্তি দেয়ার প্রস্তুতি গ্রহণে সহায়তা করে। | কার্যকর আছে | হ্যা | প্রযোজ্য নয় | - |
| ০৪ | কেবি ইজি ফরমস | বর্তমানে কর্মসংস্থান ব্যাংক প্রায় ৭০ রকমের মুদ্রিত মনোহারি সামগ্রী ব্যবহার করছে যা সাধারণ সেবা ও প্রকৌশল বিভাগ শাখা/আঞ্চলিক কার্যালয়ের চাহিদার পরিপ্রেক্ষিতে সরবরাহ করছে। ফলে মুদ্রণ খরচ ও পরিবহন ব্যয় বৃদ্ধির সাথে সাথে সময়ও বেশী লাগে। এ প্রেক্ষিতে মুদ্রিত মনোহারি সামগ্রী Online Platform-এ সংরক্ষণ করা হচ্ছে যা শাখা/কার্যালয়সমূহ নির্দিষ্ট ইউজার নেম/পাসওয়ার্ড ব্যবহার করে ইন্টারনেট কানেকশনযুক্ত | কার্যকর আছে। | হ্যা | http://services. Karrmasangsthanbank. gov.bd/ | ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণ পাসওয়ার্ড ব্যবহার করে প্রবেশ করে থাকে |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| | | কম্পিউটার/ল্যাপটপ এর মাধ্যমে প্রয়োজনীয় ফরম/ প্যাড/ লিফলেট সংগ্রহ/প্রিন্ট করতে পারবে। | | | | |
| ০৫ | ফাস্ট কমিউনিকেশন | ব্যাংকের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সময় সময় বিভিন্ন কর্মকর্তা/কর্মচারীর ফোন/মোবাইল নম্বরের প্রয়োজন হয়। এ প্রেক্ষিতে সকল কর্মকর্তা/কর্মচারীর ফোন/ মোবাইল নম্বর Online Platform এ সংরক্ষণ করা হয়েছে যা এ সংক্রান্ত ব্যবস্থাপনা সহজ করেছে। ফলে ইন্টারনেট কানেকশনযুক্ত কম্পিউটার/ ল্যাপটপ/ মোবাইল ফোন ব্যবহার করে সহজেই কর্মসংস্থান ব্যাংকের সকল শাখা/কার্যালয় ও যে কোনো কর্মকর্তা/কর্মচারীর ফোন/ মোবাইল নম্বর সংগ্রহ করা যায় ও qr কোডের মাধ্যমে মোবাইলে সেভ করে যায়। | কার্যকর আছে। | হ্যা | http://services. Karrmasangsthanbank. gov.bd/ | ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণ পাসওয়ার্ড ব্যবহার করে প্রবেশ করে থাকে |
| ০৬ | আইটি অ্যাসেট ম্যানেজমেন্ট | অ্যাসেট ম্যানেজমেন্ট উদ্ভাবনী ধারণার মাধ্যমে কর্মসংস্থান ব্যাংক কর্তৃক ক্রয়কৃত আইটি অ্যাসেটের Inventory-এর বর্তমান অবস্থা, ভবিষ্যতের চাহিদা নিরূপণ, অবচয়ের পরিমাণ, রেডি স্টকের পরিমাণ, কোন শাখায় কোন যন্ত্রাংশ রয়েছে ইত্যাদি তথ্য জানা যায় যা ব্যাংকের কর্মঘন্টা ও অর্থ সাশ্রয় করবে। | কার্যকর আছে। | হ্যা | http://10.0.8.157: 8080/ assetgate/ | ব্যাংকের LAN এর আওতাধীন userগণ প্রয়োজনীয় user- |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| | | | | | | name ও pass-word এর মাধ্যমে ব্যবহার করে থাকে |
| ০৭ | অনলাইনের মাধ্যমে বছরব্যাপী উদ্ভাবনী ধারণা সংগ্রহকরণ | অনলাইনের মাধ্যমে বছরব্যাপী উদ্ভাবনী ধারণা সংগ্রহকরণ। এর ফলে ব্যাংকের সকল কর্মকর্তা/ কর্মচারী যে কোনো সময় যে কোনো স্থান হতে ইন্টারনেট কানেকশনযুক্ত ডিভাইস হতে উদ্ভাবনী ধারণা প্রদান করতে পারবেন। এছাড়া, এই সিস্টেমের মাধ্যমে প্রেরিত উদ্ভাবনী ধারণাসমূহ সকলেই দেখতে পারবে ফলে একই ধারণা কেউ আর দ্বিতীয়বার প্রেরণ করবে না। | কার্যকর আছে। | হ্যা | http://services. Karrmasangsthanbank. gov.bd/ | ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণ পাসওয়ার্ড ব্যবহার করে প্রবেশ করে থাকে |
| ০৮ | ডিজিটাল ঋণ ফাইল | ঋণ প্রদানের ক্ষেত্রে প্রত্যেক উদ্যোক্তার জন্য একটি ঋণ ফাইল প্রস্তুত করতে হয় এবং একটি সঞ্চয় ও ডিপিএস ফরম স্বহস্তে প্রস্তুত করতে হয়। সঞ্চয় ও ডিপিএস ফরমসহ একটি ঋণ ফাইল যথাযথ ভাবে প্রস্তুত করার জন্য একজন দক্ষ কর্মীর দেড় থেকে দুই ঘন্টা সময় লাগে। এ প্রেক্ষিতে হাতে লেখা ঋণ ফাইলের পরিবর্তে কম্পিউটারের excel ফাইল ব্যবহার করা হচ্ছে যার ঋণ ফাইল প্রস্তুত করতে | কার্যকর আছে | হ্যা | প্রযোজ্য নয় | - |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| | | দেড় থেকে দুই ঘন্টার পরিবর্তে একজন কর্মীর মাত্র পনের থেকে বিশ মিনিট সময় ব্যয় হচ্ছে। একটি পূরণকৃত ফাইল ঋণ নথি অনুযায়ী সংরক্ষণ করলে পুনঃ ঋণ গ্রহনের সময় এ ফাইলটি প্রস্তুতে সময় লাগছে মাত্র দুই থেকে তিন মিনিট। | | | | |
| ০৯ | কর্মসংস্থান ব্যাংক প্রবাহ অনলাইন | কর্মসংস্থান ব্যাংক কর্তৃক প্রকাশিত অনলাইন ম্যাগাজিন। ম্যানুয়াল পদ্ধতিতে একটি প্রকাশনা বের করতে অনেক সময়ের প্রয়োজন হয়, আবার এর সাথে অনেক বড় আর্থিক বিষয়ও জড়িত থাকে। এ সমস্যা সমাধানের জন্য 'কর্মসংস্থান ব্যাংক প্রবাহ অনলাইন সংস্করণ/প্রকাশনা' সিস্টেম তৈরি করা হয়েছে। ডিজিটাল পদ্ধতিতে উক্ত সংস্করণ প্রকাশের ফলে নানাবিধ জটিলতা হ্রাসসহ আর্থিক সাশ্রয় সম্ভব হবে। | সিস্টেম কার্যকর আছে। নতুন লেখা সংযোজন করতে হবে। | না | http://probaho.karmasangsthanbank.gov.bd/ | |

13/10/2022
(মোঃ আতিকুল হক)
সহকারী মহাব্যবস্থাপক, আইটি বিভাগ ও
সদস্য সচিব, ইনোভেশন টিম

২৬/১০/2022
(মোঃ আলা উদ্দিন)
উপমহাব্যবস্থাপক, কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ এবং
ইনোভেশন অফিসার